

সিক্রিটিভে সুপেয় পানি সম্বলিত 'শহীদ মুক্ত কর্ণার' উদ্বোধন

সিক্রিটিভ প্রতিনিধি

১২ জুলাই ২০২৫, ১১:০০ পিএম



জুলাই গণঅভ্যুত্থানের বর্ষপূর্তি উপলক্ষে মাসব্যাপী কর্মসূচির অংশ হিসেবে সিলেট কৃষি বিশ্ববিদ্যালয়ে জুলাই গণঅভ্যুত্থানের শহীদ মীর মুক্ত এর স্মরণে সুপেয় পানির ব্যবস্থা সম্বলিত শহীদ মুক্ত কর্ণার উদ্বোধন করা হয়েছে।

আজ শনিবার বিকেলে বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় প্রাঙ্গার সংলগ্ন এই সুপেয় পানির ব্যবস্থা সম্বলিত শহীদ মুক্ত কর্ণার এর নামফলক উন্মোচন করেন উপাচার্য অধ্যাপক ড. মো. আলিমুল ইসলাম। জুলাই গণঅভ্যুত্থানের বর্ষপূর্তি উপলক্ষে মাসব্যাপী কর্মসূচির অংশ হিসেবে আর্সেনিক ও মরিচা মুক্ত বিশুদ্ধ খাবার পানি সরবরাহের জন্য এই উদ্যোগ নেয়া হয়েছে।

শহীদ মুক্তি কর্ণার উদ্বোধনের সময় উপাচার্য বলেন, 'জুলাইয়ে শহীদ মীর মুক্তি এর আত্মত্যাগের স্মরণে আমরা এই নামকরণ করেছি। পানি নেয়ার ব্যবস্থা আগেও ছিল। আমরা আরও বড় পরিসরে পানি নেয়ার ব্যবস্থা করেছি, সৌন্দর্য বর্ধন করেছি। এখান থেকে পানি নেয়ার অধিকার ছাত্র, শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারী সবার।'

তিনি আরো বলেন, "আমরা জুলাই মাসব্যাপী উদযাপনের আয়োজন করছি। শহীদ মুক্তি জুলাইয়ে যেমন বলেছে, পানি লাগবে পানি? আমরা তাঁর স্মরণে এই নিরাপদ পানির কর্ণারের নাম 'শহীদ মুক্তি কর্ণার' করেছি। মীর মুক্তি সবার, আশা করি সামনে এই নাম অপরিবর্তিত থাকবে।"

এ সময় সিক্রিবির ট্রেজারার অধ্যাপক ড. এ.টি.এম. মাহবুব-ই-ইলাহী, ছাত্র পরামর্শ ও নির্দেশনা দণ্ডরের পরিচালক অধ্যাপক ড. মোহাম্মদ সামিউল আহসান তালুকদারসহ বিভিন্ন অনুষদীয় ডিন, বিভিন্ন দণ্ডরের পরিচালক, হল প্রভোস্ট, রেজিস্ট্রার, দণ্ড প্রধানসহ শিক্ষার্থী, কর্মকর্তা-কর্মচারী উপস্থিত ছিলেন।